বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

তারিখ: ২৫/০১/২০১৫

## বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ, পদোন্নতি সংক্রান্ত নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত নীতিমালা

| ক্রমিক নং | পদের নাম ঃ প্রভাষক | |
|---|---|---|
| ১ | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা | (১) সাধারণ ঃ<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে।<br>(২) প্রকৌশল/চিকিৎসা/কৃষি ঃ<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক/মাস্টার্স ডিগ্রী। ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। |
| | অভিজ্ঞতা | প্রযোজ্য নয়। |
| | পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা | প্রযোজ্য নয়। |

এমফিল বা পিএইচডি ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকার পাবে।

প্রভাষক পদে নিয়োগ লাভের পূর্বে প্রার্থীকে এক বছর মেয়াদের টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ সন্তোষজনকভাবে সম্পন্ন করতে হবে। এক বছর পরে প্রভাষক পদে চূড়ান্ত নিয়োগ দেয়া যাবে।

25.01.2015

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

| ক্রমিক নং | পদের নামঃ সহকারী অধ্যাপক | |
|---|---|---|
| ২। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা | ১। সাধারণ/প্রকৌশল/কৃষি ঃ<br>ক) পিএইচ ডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড **থাকতে হবে।** তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে।<br>খ) এম ফিল/সমমান; শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/ বিভাগ /এ গ্রেড থাকতে হবে।<br>গ) ৪ বছরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। **ন্যূনতম ৩টি** ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে।<br><br>২। চিকিৎসা ঃ<br>ক) ক্লিনিক্যাল বিষয়সমূহেঃ<br>১। এমবিবিএস অথবা সমমানের ডিগ্রীসহ<br>২। নির্দিষ্ট বিষয়ে এম.ডি অথবা এম.এস/FCPS/MRCP, FRCS,MRCOG,DMRT,/DRMD/DPM/M.Phil<br>অথবা সমমানের ক্লিনিক্যাল পোষ্ট গ্রাজুয়েট যোগ্যতা থাকতে হবে। এই পোষ্ট গ্রাজুয়েট **যোগ্যতা** অবশ্যই বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল **কর্তৃক** স্বীকৃত হতে হবে।<br>খ) বেসিক বিষয়সমূহেঃ<br>১। এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী ।<br>২। নির্দিষ্ট বিষয়ে M.Phil, MSc.Ph.D অথবা D.Phil ডিগ্রী অথবা সেই বিষয়ে **সমমানের পোষ্ট** গ্র্যাজুয়েট যোগ্যতা যা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে। |
| | অভিজ্ঞতা | ১। সাধারণ/প্রকৌশল/কৃষিঃ<br>'ক' এর ক্ষেত্রে শিক্ষকতার/গবেষণা কাজে ২ বছরের অভিজ্ঞতা ন্যূনপক্ষে ১টি প্রকাশনা **থাকতে হবে।**<br>'খ' এর ক্ষেত্রে শিক্ষকতার/গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা ও ১টি প্রকাশনা **থাকতে হবে।**<br>'গ' এর ক্ষেত্রে শিক্ষকতার/গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা ও ন্যূনপক্ষে ২টি প্রকাশনা **থাকতে** হবে।<br><br>বিঃদ্রঃ অভিজ্ঞতার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে **হবে। কলেজ বা** গবেষণা প্রতিষ্ঠানে অভিজ্ঞতার যত বছর তার অর্ধেক সময়কে ধরা হবে। কলেজ পর্যায়ের অভিজ্ঞতার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাষ্টার্স কোর্স থাকতে হবে। গবেষণা প্রতিষ্ঠান স্বীকৃত **গবেষণা প্রতিষ্ঠান** হতে হবে। |

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

| | | |
|---|---|---|
| | | ২। চিকিৎসা ঃ<br>ক) কমপক্ষে ৩টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। প্রকাশনাসমূহ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক অথবা তৎকর্তৃক নিয়োগকৃত কোন কমিটি দ্বারা স্বীকৃত দেশী বা বিদেশী বৈজ্ঞানিক Journal-এ হতে হবে।<br>খ) নিম্নলিখিত বিষয়সমূহকে অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য করা হবে;<br>১। পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর বিভাগ;<br>২। মেধাতালিকায় স্থান;<br>৩। বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর;<br>৪। পরীক্ষায় নিয়মিত পাশ। |
| | পদোন্নতি এর ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা | ক) পিএইচডি/সমমানের ডিগ্রীর ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা ও ১টি প্রকাশনা।<br>খ) এমফিল/সমমানের ডিগ্রীর ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা ও ১টি প্রকাশনা।<br>গ) স্নাতকোত্তর ডিগ্রীর ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা ও ২টি প্রকাশনা।<br><br>বিঃদ্রঃ সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে। |

25.01.2015

JESMIN PERVIN
Deputy Director
University Grants Commission of Bangladesh
Agargaon, Dhaka

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

| ক্রমিক নং | পদের নামঃ সহযোগী অধ্যাপক | |
|---|---|---|
| | | |
| ৩। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা | ১। সাধারণ/প্রকৌশল/কৃষিঃ<br>ক) পিএইচ ডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে।<br>খ) এম ফিল/সমমান; শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/ বিভাগ /এ গ্রেড থাকতে হবে।<br>গ) ৪ বছরের সম্মানসহ ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী /এ গ্রেড থাকতে হবে<br>২। চিকিৎসা ঃ<br>ক) ক্লিনিক্যাল বিষয়সমূহেঃ<br>১) এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী<br>২) নির্দিষ্ট বিষয়ে এম.ডি অথবা এম.এস/FCPS/MRCP, FRCS,MRCOG, DMRT/DRMD/DPM/M.Phil অথবা সমমানের ক্লিনিক্যাল পোষ্ট গ্রাজুয়েট যোগ্যতা থাকতে হবে। এই পোষ্ট গ্রাজুয়েট যোগ্যতা অবশ্যই বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত হতে হবে।<br>খ) বেসিক বিষয়সমূহেঃ<br>১। এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী ।<br>২। নির্দিষ্ট বিষয়ে M.Phil, MSc.Ph.D অথবা D.Phil ডিগ্রী সেই বিষয়ে সমমানের পোষ্ট গ্র্যাজুয়েট যোগ্যতা যা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে। |
| | অভিজ্ঞতা | ১। সাধারণ/প্রকৌশল/কৃষিঃ<br>ক) এ ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে। মোট ৫টি প্রকাশনা থাকতে হবে ৩টি সহকারী অধ্যাপক হিসাবে।<br>খ) এ ক্ষেত্রে ন্যূনপক্ষে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ৪ বছর সহকারী অধ্যাপক হিসাবে ৫টি প্রকাশনা থাকতে হবে ৩টি সহকারী অধ্যাপক হিসাবে। কোন ৩য় বিভাগ/শ্রেণী/সি গ্রেড গ্রহণযোগ্য হবে না।<br>গ) এ ক্ষেত্রে ন্যূনপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে ৪ বছর সহকারী অধ্যাপক হিসাবে। ৬টি প্রকাশনা থাকতে হবে ; তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ৪টি। |

25.01.2015

| | | |
|---|---|---|
| | | ২। চিকিৎসা ঃ<br>ক) নির্দিষ্ট বিষয়ে নিয়মিত ৩ বছর মেয়াদী অধ্যাপক অথবা সমমানের পদে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। খ) কমপক্ষে ৫টি গবেষণা প্রকাশনা । প্রকাশনাসমূহ বিশ্ববিদ্যালয়ের এ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক অথবা তৎকর্তৃক নিয়োগকৃত কোন কমিটি দ্বারা স্বীকৃত দেশী বা বিদেশী বৈজ্ঞানিক Journal-এ যার মধ্যে ন্যূনপক্ষে ১টি প্রকাশনা ইনডেকস্ মেডিকাস-এ হতে হবে। ৫টির মধ্যে অন্ততঃ ২টি প্রকাশনা আবেদন করার তারিখের পূর্ববর্তী ২ বছরের মধ্যে হতে হবে।<br>গ) নিম্নলিখিত বিষয়সমূহকে অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য করা হবে;<br>১। পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর বিভাগ;<br>২। মেধাতালিকায় স্থান;<br>৩। বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর;<br>৪। পরীক্ষায় নিয়মিত পাশ। |
| | পদোন্নতি এর ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা | ক) পিএইচডি ডিগ্রীর ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা ; তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে।<br>খ) এমফিল ডিগ্রীর ক্ষেত্রে ০৮ বছরের অভিজ্ঞতা ; তন্মধ্যে ৪ বছর সহকারী অধ্যাপক হিসাবে।<br>গ) স্নাতকোত্তর ডিগ্রীর ক্ষেত্রে ১০ বছরের অভিজ্ঞতা ; তন্মধ্যে ৪ বছর সহকারী অধ্যাপক হিসাবে।<br>ক, খ, গ ক্ষেত্রে মোট ৬টি প্রকাশনা তন্মধ্যে ৪টি সহকারী অধ্যাপক হিসাবে।<br><br>বিঃদ্রঃ সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে। |

25.01.2015

JESMIN PERVIN
Deputy Director
University Grants Commission of Bangladesh
Agargaon, Dhaka.

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

| | | পদের নামঃ অধ্যাপক |
|---|---|---|
| ক্রমিক নং | | |
| ৪। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা | ১। সাধারণ/প্রকৌশল/কৃষিঃ<br>ক) পিএইচ ডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে।<br>খ) এম ফিল/সমমান; শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/ বিভাগ /এ গ্রেড থাকতে হবে।<br>গ) ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যূনমত ৩টি ১ম বিভাগ/শ্রেণী /এ গ্রেড থাকতে হবে।<br>২। চিকিৎসা ঃ<br>ক) ক্লিনিক্যাল বিষয়সমূহেঃ<br>১। এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী<br>২। নির্দিষ্ট বিষয়ে এম.ডি অথবা এম.এস/FCPS/MRCP, FRCS,MRCOG,DMRT/DRMD/DPM/M.Phil অথবা সমমানের ক্লিনিক্যাল পোষ্ট গ্রাজুয়েট যোগ্যতা থাকতে হবে। এই পোষ্ট গ্রাজুয়েট যোগ্যতা অবশ্যই বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল কর্তৃক উল্লিখিত মানসমূহ অথবা সমমানের বলে স্বীকৃত হতে হবে।<br>খ) বেসিক বিষয়সমূহেঃ<br>১। এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী ।<br>২। নির্দিষ্ট বিষয়ে M.Phil, MSc.Ph.D অথবা D.Phil ডিগ্রী অথবা সেই বিষয়ে সমমানের পোষ্ট গ্র্যাজুয়েট যোগ্যতা যা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে। |
| | অভিজ্ঞতা | ১। সাধারণ/প্রকৌশল/কৃষিঃ<br>ক) বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা । কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৭ টি।<br>খ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১৮ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৭টি।<br>গ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ২০ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ০৭ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে ৭টি সহকারী অধ্যাপক হিসেবে।<br>২। চিকিৎসা ঃ<br>ক) নির্দিষ্ট বিষয়ে নিয়মিত ৩ বছর মেয়াদী অধ্যাপক অথবা সমমানের পদে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। |

25.01.2015

PERVIN

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

| | | |
|---|---|---|
| | | খ) কমপক্ষে ৭টি গবেষণা প্রকাশনা । প্রকাশনাসমূহ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক অথবা তৎকর্তৃক নিয়োগকৃত কোন কমিটি দ্বারা স্বীকৃত দেশী বা বিদেশী বৈজ্ঞানিক Journal-এ যার মধ্যে ন্যূনপক্ষে ২টি প্রকাশনা ইনডেক্স মেডিকাস-এ হতে হবে। ৭টির মধ্যে অন্ততঃ ৩টি প্রকাশনা আবেদন করার তারিখের পূর্ববর্তী ৩ বছরের মধ্যে হতে হবে। প্রকাশনাসমূহের মধ্যে কমপক্ষে ৩টিতে আবেদনকারী/আবেদনকারিনীকে First Author হতে হবে।<br>গ) নিম্নলিখিত বিষয়সমূহকে অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য করা হবে;<br>১। পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর বিভাগ;<br>২। মেধাতালিকায় স্থান;<br>৩। বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর;<br>৪। পরীক্ষায় নিয়মিত পাশ।<br>**বিঃদ্রঃ প্রফেসর নিয়োগ/ আপগ্রেডেশন/ পদোন্নতির ক্ষেত্রে মোট অভিজ্ঞতার মধ্যে শুধুমাত্র সক্রিয় শিক্ষকতাকাল ও সর্বোচ্চ ৪ বছরের শিক্ষা ছুটি/ডেপুটেশন অন্তর্ভূক্ত হবে।** |
| | পদোন্নতি এর ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা | ক) পিএইচডি ডিগ্রীর ক্ষেত্রে ১২ বছরের অভিজ্ঞতা ; তন্মধ্যে ৫ বছর সহযোগী অধ্যাপক হিসাবে। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৭ টি।<br>খ) এমফিল ডিগ্রীর ক্ষেত্রে ১৮ বছরের অভিজ্ঞতা ; তন্মধ্যে ৬ বছর সহযোগী অধ্যাপক হিসাবে। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৭ টি।<br>গ) মাস্টার্স ডিগ্রীর ক্ষেত্রে ২০ বছরের অভিজ্ঞতা ; তন্মধ্যে ৭ বছর সহযোগী অধ্যাপক হিসাবে। কমপক্ষে ১৫টি প্রকাশনা তন্মধ্যে ৮টি সহযোগী অধ্যাপক হিসাবে।<br><br>বিশেষ দ্রষ্টব্যঃ<br>• মোট অভিজ্ঞতার মধ্যে শুধুমাত্র সক্রিয় শিক্ষকতাকাল ও সর্বোচ্চ ৪ বছরের শিক্ষা/ডেপুটেশন অন্তর্ভূক্ত হবে। |

**বিঃদ্রঃ ১।** এ গ্রেড = ১ম বিভাগ (এসএসসি ও এইচএসসি'র ক্ষেত্রেঃ জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০, অনার্স ও মাস্টার্স এর ক্ষেত্রে জিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ বুঝাবে)।

**২।** শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সি-গ্রেড এবং পাস কোর্স গ্রহণযোগ্য হবেনা।

**এতদ্ব্যতীত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক যে কোন সময়ে গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে পরিগণিত হবে।**

5.01.2015